

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
(উপজেলা-১ শাখা)

নং-৪৬.০৪৬.০২৭.০০.০০.০০১.২০১৩-৯৫৭৬

তারিখ : ২৫ অক্টোবর ২০১৬


কারণ দর্শানোর নোটিশ

যেহেতু, আপনি জনাব মোঃ আফতাব উদ্দিন মোল্লা, চেয়ারম্যান, চিরিরবন্দর উপজেলা পরিষদ, দিনাজপুর এর বিরুদ্ধে চিরিরবন্দর উপজেলা পরিষদ কার্যালয়ের হাট-বাজার ইজারা, ভূমি হস্তান্তর কর এবং ভ্যাট এর সর্বমোট ১,৮৮,৯৭,৭৫১/- (এক কোটি আটশি লক্ষ সাতানব্বই হাজার সাতশত একান্ন) টাকা আত্মসাত ও এর অপপ্রয়োগের অভিযোগের সত্যতা পাওয়া গিয়েছে ;

যেহেতু, আপনার বিরুদ্ধে আনীত উপরোল্লিখিত অভিযোগ বিভাগীয় কমিশনার, রংপুর এর তদন্তে প্রমাণিত হয়েছে যা উপজেলা পরিষদ আইন, ১৯৯৮ [উপজেলা পরিষদ (সংশোধন) আইন, ২০১১ দ্বারা সংশোধিত] এর ১৩(১)(গ) ধারায় অর্থ বা উপজেলা পরিষদের সম্পত্তির ক্ষতি সাধন বা উহার আত্মসাতের বা অপপ্রয়োগের অপরাধের শামিল;

সেহেতু, আপনার বিরুদ্ধে উপজেলা পরিষদ আইন, ১৯৯৮ [উপজেলা পরিষদ (সংশোধন) আইন, ২০১১ দ্বারা সংশোধিত] এর ১৩(১)(গ) ধারায় কার্যক্রম গ্রহণ করার বাধ্যবাধকতা রয়েছে;

এমতাবস্থায়, উপজেলা পরিষদ আইন, ১৯৯৮ [উপজেলা পরিষদ (সংশোধন) আইন, ২০১১ দ্বারা সংশোধিত] এর ১৩(১)(গ) ধারার অপরাধে কেন আপনার বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে না তা একই আইনের ১৩ (২) ধারা অনুযায়ী পত্র প্রাপ্তির ০৭ (সাত) কার্যদিবসের মধ্যে নিম্নস্বাক্ষরকারী বরাবর জবাব দাখিল করতে নির্দেশ প্রদান করা হলো। একই সাথে আপনি ব্যক্তিগত গুনানী প্রদানে ইচ্ছুক কিনা তাও জানাতে অনুরোধ করা হলো।


(আবদুল মোমেন)
সচিব

জনাব মোঃ আফতাব উদ্দিন মোল্লা
চেয়ারম্যান
চিরিরবন্দর উপজেলা পরিষদ, দিনাজপুর।

অনুলিপি:

- ১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ (দৃষ্টি আকর্ষণ: উপসচিব মাঠ প্রশাসন শৃঙ্খলা অধিশাখা)।
- ২। জেলা প্রশাসক, দিনাজপুর (নোটিশটি সংশ্লিষ্ট উপজেলা পরিষদ চেয়ারম্যানের নিকট প্রেরণের অনুরোধসহ)।
- ৩। কম্পিউটার প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ (নোটিশটি ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।